(প্রেস বিজ্ঞপ্তি-১)

মহান স্বাধীনতা দিবসে

সিটি মেয়রের বাণী

চট্টগ্রাম-২৫ মার্চ ২০২১ইং

মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী বাঙালি জাতিসত্তার উজ্জ্বল হীরক খণ্ড। একাত্তরের ২৫ মার্চ মধ্যরাতে পাকিস্তনী সেনা বাহিনী দ্বারা সংঘটিত ইতিহাসের জঘন্যতম ও বর্বরতম নজীর বিহীন গণহত্যা কান্ড শুরুর আগেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বাধীনতা ঘোষনার আনুষ্ঠানিক বার্তাটি চট্টগ্রামে এসে পৌঁছে। এই ঐতিহাসিক ঘটনাটি স্বাধীন বাংলাদেশের অভ্যূদয়ের ভিত্তি সোপান। এই ভিত্তি সোপান রচনায় যে বিশাল ত্যাগ ও আত্মবলিদান হয়েছে সেই পথ ধরেই বঙ্গবন্ধুর আরাধ্য সোনার বাংলা অর্জিত হলে ভৌগলিক স্বাধীনতা ও অর্থনৈতিক মুক্তিতে পরিপূর্ণতা পাবে দেশ। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে সকল শহীদদের প্রতি সশ্রদ্ধ সালাম ও নগরবাসীকে জানাই রক্তিম শুভেচ্ছা।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

২৬ মার্চ স্বাধীনতা দিবসে চসিকের কর্মসূচি

চট্টগ্রাম-২৫ মার্চ ২০২১খ্রি.

আগামীকাল ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যাপক কর্মসূচি গ্রহন করেছে। কর্মসূচির মধ্যে ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে কর্পোরেশনের টাইগার পাসস্থ নগর ভবন, আন্দরকিল্লাস্থ আঞ্চলিক কার্যালয়, জোন-৬, ওয়ার্ড অফিস ও কর্পোরেশন আওতাভুক্ত প্রতিষ্ঠান সমূহে জাতীয় পতাকা ও কর্পোরেশনের পতাকা উত্তোলন। একই দিনে সূর্যোদয়ের সাথে সাথে কেন্দ্রীয় শহীদ মিনারে পুস্পস্তবক ও সকাল ৮ টায় বাটালি হিল টাইগার পাস নগর ভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করবেন মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। সকাল ৯ টায় অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ ক্যাম্পাসে থাকছে চিত্রাংকন প্রতিযোগীতা। শিক্ষা প্রতিষ্ঠান সমূহে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হবে। সকাল সাড়ে ১০টায় নগরীর থিয়েটার ইনস্টিটিউটে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন' বিষয়ক আলোচনা সভা (স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক) অনুষ্ঠিত হবে।

একই সময়ে জাতির শান্তি ও অগ্রগতি এবং মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার শান্তি কামনায় কর্পোরেশনভুক্ত মসজিদ-মাদ্রাসায় মিলাদ ও বিশেষ মোনাজাত, মন্দির, প্যাগোডা ও গীর্জায় বিশেষ প্রার্থনা (স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক) করা হবে। এই জাতীয় দিবস উপলক্ষে চসিকের গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহে ১০ দিনব্যাপী আলোক সজ্জা চলমান ও ফোয়ারা সচল থাকবে। কর্পোরেশনভুক্ত হাসপাতাল সমূহের সকল বহিঃ বিভাগে ও ওয়ার্ড স্বাস্থ্যকেন্দ্রে ফ্রি চিকিৎসার ব্যবস্থা থাকবে।

(প্রেস বিজ্ঞপ্তি-৩)

চসিকের গণহত্যা দিবসের কর্মসূচিতে মেয়র

আত্মত্যাগ ও বলিদানের পথ ধরেই সোনার বাংলা গড়তে হবে

চট্টগ্রাম-২৫ মার্চ ২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, একাত্তরের অগ্নিঝরা এদিনে বাঙ্গালী জাতি তথা বিশ্ববাসী প্রত্যক্ষ করেছিল ইতিহাসের বিভিষিকাময় ভয়াল ও নৃসংশতম বর্বরতা।২৫ মার্চ মধ্যরাতে গণহত্যার নীলনকশা ‘অপারেশন সার্চলাইট’ নামে পাকিস্তানী দানবরা মেতে উঠেছিল নির্বিচারে স্বাধীনতাকামী বাঙ্গালী নিধনযজ্ঞে। এই বাঙ্গালীর বুকের তাজা রক্ত দিয়ে বঙ্গবন্ধুর আহ্বানে যুদ্ধে ঝাপিয়ে পড়ে এবং দীর্ঘ ৯ মাস সশস্ত্র লড়াই শেষে একাত্তরের ডিসেম্বরে পূর্ণ বিজয় অর্জন করে। বাঙ্গালীর সেই আত্মদান ও আত্মত্যাগের পথ ধরে আগামীর সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবায়ন করতে হবে। আজ ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে চসিক প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে মেয়র এসব কথা বলেন। চসিক ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় অংশ গ্রহণ করেন প্যানেল মেয়র মোঃ গিয়াস উদ্দীন, আফরোজা জহুর , কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, মোঃ ওয়াসিম উদ্দীন চৌধুরী, মোঃ ইলিয়াছ, শেখ জাফরুল হায়দার চৌধুরী, রুমকি সেনগুপ্ত, আনজুমান আরা, জাহেদা বেগম পপি, প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া, মেয়রের একান্ত সচিব মোঃ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী লেঃ কর্ণেল সোহেল আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, আঞ্চলিক প্রধান নির্বাহী আফিয়া আখতার, স্পেশাল ম্যাজেষ্ট্রেট জাহানারা ফেরদৌস, রাজস্ব কর্মকর্তা শাহিদা ফাতেমা চৌধুরী, শিক্ষা কর্মকর্তা সালমা ফেরদৌস, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, তত্ত্বাবধায়ক প্রকৌশলী সুদীপ বসাক, নির্বাহী প্রকৌশলী ফরহাদুল আলম, বিপ্লব দাশ, মির্জা ফজলুল কাদের, আশিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী, নগর পরিকল্পনাবিদ আব্দুল্লাহ আল ওমর প্রমুখ।

গণহত্যা দিবস স্মরণে আজ চট্টগ্রাম সিটি কর্পোরেশন সকাল ১০টায় জাকির হোসেন রোডের বধ্যভূমির স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পন, সকাল সাড়ে ১০টায় চসিক সম্মেলন কক্ষে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

(প্রেস বিজ্ঞপ্তি-৪)

সচেতন না হলে কোভিডের দ্বিতীয় ঢেউ ভয়াবহ হবে-মেয়র

চট্টগ্রাম-২৫ মার্চ ২০২১ইং

চট্টগ্রাম মহানগরীতে করোনা ভাইরাসের ভ্যাক্সিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও অগ্রগতি নিয়ে গঠিত কমিটির সভা আজ বৃহস্পতিবার সকালে নগরীর টাইগারপাসস্থ চসিক সম্মেলন কক্ষে সিটি মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভাপতির বক্তব্যে মেয়র বলেন, করোনার দ্বিতীয় ঢেউ মোকবেলায় প্রত্যেককে স্বাস্থ্যবিধি ও সরকারি নির্দেশনা কঠোরভাবে মেনে চলতে হবে। মনে রাখতে হবে ভ্যাক্সিন নেয়ার পর স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। জনসমাগম এড়িয়ে চলতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। তিনি আরো বলেন, নগরীতে যারা ভ্যাক্সিনের প্রথম ডেজ নিয়েছেন তাদেরকে দ্বিতীয় ডোজ গ্রহণের প্রস্তুতি নিজ দায়িত্বে নির্ধারিত তারিখে গ্রহণ করতে হবে।

মেয়র রেজাউল করিম চৌধুরী বলেন, কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ অত্যান্ত ভয়াবহ। গত বছরের শুরুর দিক থেকেও আপাতদৃষ্টিতে অধিকতর ভয়াবহ মনে হচ্ছে। সামাজিক অনুষ্ঠান, জনসমাবেশ ও পর্যটন স্পটগুলোতে উপচে পড়া ভিড় সংক্রমণের হার বৃদ্ধির অন্যতম কারণ। এটি ঘটছে কেবল মাত্র মাস্ক না পরাসহ স্বাস্থ্যবিধি মেনে চলায় ব্যাপক অনীহা। তিনি বলেন, আমরা যদি স্বাস্থ্যবিধি মেনে না চলি তবে এটি খুব স্বাভাবিক যে আরও বেশি লোক সংক্রমিত হবে। মেয়র আরও বলেন, ভ্যাক্সিনের প্রথম ডোজ গ্রহণের পর মানুষ করোনা ভাইরাস থেকে নিরাপদ সেটি মনে করা উচিত নয়।

মেয়র আরও বলেন, নগরবাসীকে সচেতন করার জন্য নগরীর প্রতিটি এলাকায়,মার্কেটের সামনে চসিক এর পক্ষ থেকে মাইকিং করা হচ্ছে তবে প্রত্যেক ওয়ার্ডের কাউন্সিলর মাইকিং ও মাস্ক প্রদান কার্যক্রম গ্রহণ করলে জনগণ আরও সচেতন হবে।

এসময় প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দিন, কাউন্সিলর নাজমুল হক ডিউক, বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা.হাছান শাহরিয়ার, সিভিল সার্জন ডা. শেখ ফজলে রাব্বি, সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, বিভাগীয় প্রাথমিক শিক্ষা উপ পরিচালক ড. মো.শফিকুল ইসলাম, ডিএসএইচই পরিচালক প্রফেসর এইচ.এ.আরিফ ইলাহি, সমাজ সেবা অধিদপ্তরের পরিচালক নুসরাত সুলতানা, সিএমপি'র ডিসি (ক্রাইম) জয়নুল আবেদীন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, চমেকে'র সহকারী পরিচালক ডা. সাজ্জাদ হোসাইন চৌধুরী, চসিক স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলীসহ জোনাল মেডিকেল অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন।

(প্রেস বিজ্ঞপ্তি-৫)

সিটি মেয়রের সাথে

চসিক ঠিকাদারদের বৈঠক

চট্টগ্রাম-২৫ মার্চ ২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীর উন্নয়নের সাথে ঠিকাদাররা সরাসরি জড়িত। একজন ঠিকাদারের সততা, স্বচ্ছতা ও আন্তরিকতা না থাকলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উন্নয়ন কাজ করা সম্ভব নয়। ঠিকাদারদের সাথে প্রতিষ্ঠানের সমন্বয় না থাকলে মানসম্মত কাজ ও হয়না। তিনি বলেন, এই শহর আপনার, এই নগরীকে সুন্দর ও নান্দনিকভাবে গড়ে তোলা প্রত্যেক ঠিকাদারের নৈতিক দায়িত্ব। মেয়র বলেন, ব্যবসা করতে গিয়ে ঠিকাদাররা ব্যক্তি স্বার্থের কথা চিন্তা করে কাজ করলে উন্নয়ন কাজ এগিয়ে নেয়া সম্ভব নয়। ঠিকাদাররা আন্তরিকতার সাথে এগিয়ে আসলে আমার পক্ষ থেকে আন্তরিকতার অভাব থাকবে না। মেয়র প্রসঙ্গক্রমে আরো বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা শূন্য হাতে দেশের দায়িত্বভার গ্রহন করে আজ দেশকে বিশ্বের রোল মডেলে পরিণত করেছেন, আমারও প্রচেষ্টা থাকবে সিটি কর্পোরেশনের আয়বৃদ্ধির জন্য আয়বর্দ্ধক প্রকল্প গ্রহণ করে সিটি কর্পোরেশনকে একটি শক্ত ভিত্তির উপর দাঁড় করানো এবং সুন্দর নান্দনিক ও বাসযোগ্য নিরাপদ আধুনিক নগর হিসাবে গড়ে তোলা। তিনি এই ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ঠিকাদার সমিতির পক্ষে যে ৬টি প্রস্তাবণা পেশ করা হয়েছে তার যৌক্তিতা বিবেচনা করে ব্যবস্থা নেবেন বলে আশ্বাস প্রদান করেন। এসময় উপস্থিত ছিলেন সমিতির সভাপতি সৈয়দ মাহামুদুল হক, সাধারণ সম্পাদক আবু ফরহাদ সাবু, সহ-সভাপতি মোঃ শামমুল আলম, আবুল কালাম, আবদুল্লাহ আল মামুন চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক সালাউদ্দীন, রেজাউল করিম সিদ্দিকী শাহিন, সাংগঠনিক সম্পাদক মোঃ নেছার আহমেদ, শাহ সেলিম খালেদ,আসহাব রসুল জাহেদ, এ.কে.এম বখতেয়ার, মোঃ আতিকুল্লাহ, ফরিদ উদ্দীন ফরহাদ, এস.এম তৌহিদুল হক, ইফতেখার হোসেন বাবু, নাসির তালুকদার, মোঃ ইসমাইল, মোঃ আমির উদ্দীন, মোঃ হান্নান, মোঃ বেলাল হোসেন প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি-১)

মাস্ক পরিধান নিশ্চিতে
চসিকের অভিযান
৬ ব্যক্তিকে জরিমানা

চট্টগ্রাম-২৫ মার্চ ২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর নির্দেশে করোনার উর্ধ্বমুখী সংক্রমনে মাস্ক পরিধান নিশ্চিত করতে মাঠে নেমেছে কর্পোরেশনের ভ্রাম্যমান আদালত। নগরীর কোতোয়ালী থানাধীন নিউ মার্কেট (বিপনী বিতান) এলাকায় মাস্ক পরিধান না করে বাইরে বের হওয়ায় আজ বৃহস্পতিবার সকালে ১৬ জন ব্যক্তিকে ১হাজার ৫শত টাকা জরিমানা করা হয়। এই অভিযান পরিচালনা করেন কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী। এরপরই অপর এক অভিযানে নগরীর রেয়াজ উদ্দীন বাজারের বিপরীত শাহ আমানত সুপার মার্কেটে অভিযান চালিয়ে ট্রেড লাইসেন্স ছাড়া ব্যবসা পরিচালনার দায়ে ৭ ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা দায়ের ও ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এ সময় ম্যাজিস্ট্রেট তাদেরকে ট্রেড লাইসেন্স করতে ২৪ ঘন্টার সময়সীমা বেধে দেন। অভিযানে কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের সদস্যরা সহায়তা করেন।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

চসিক মেয়রের কাছে রবি'র

স্মার্ট সিটি সলিউশন বিষয়ে প্রস্তাব উপস্থাপন

চট্টগ্রাম-২৫ মার্চ ২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর কাছে রবি এন্টারপ্রাইজ বিজনেস হেড আদিল হোসাইন নোবেল স্মার্ট সিটি সলিউশন বিষয়ে এক প্রস্তাব উপস্থাপন করেন, এই সময় তাঁরা এই সলিউশনটির মাধ্যমে বিনামূল্যে ওয়েবসাইট পরিসেবা নিরাপত্তা নজরদারি, আধুনিক বর্জ্য ব্যবস্থাপনার জন্য বর্জ্য পরিবহন গাড়ি ট্যাকিং, পরিছন্ন কর্মীদের নজরদারী, মশার ওষুধ ছিটানোর কাজে শ্রমিকদের কাজে নজরদারি, বায়ুদূষণ নিরক্ষণ, রিয়েল টাইম এয়ার কোয়ালিটি মনিটর করা ছাড়াও কমিউনিটি ম্যাসেজ দিতে ডিজিটাল সাইনাস হিসাবে কাজ করা হবে বলে মেয়রের কাছে পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

মেয়র তাদের উপস্থাপন অবলোকন করে বলেন, চট্টগ্রামকে স্মার্ট সিটি হিসেবে গড়ে তুলতে আমি প্রতিশ্রুতিবদ্ধ। এ ধরণের স্মার্ট সিটি গড়ে তোলার মাধ্যমে সামাজিক সেবার ক্ষেত্রে নগরবাসীকে একটি নতুন উন্নত প্লাটফর্ম দিতে পারব বলে আমার দৃঢ় বিশ্বাস। পরিক্ষামূলকভাবে একটি এলাকা দেওয়া হবে বলে রবি এন্টারপ্রাইজ বিজনেস হেড আদিল হোসাইন নোবেল মেয়রকে আশ্বস্থ করেন। এ সময় ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা মোঃ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মোঃ হুমায়ুন কবির চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী সুদীপ বসাক, ঝুলন কান্তি বিশ্বাস, স্থপতি আব্দুল্লাহ আল ওমর, রবির ভাইস প্রেসিডেন্ট রেজাউন আল ইসলাম, জি.এম আরিফ আহমেদ চৌধুরী, একাউন্টস ম্যানেজার মস্তোফা আল মামুন উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩